

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮০৬
আগরতলা, ০৭ ফেব্রুয়ারি, ২০২৪

নেশামুক্ত ভারত অভিযান

আগামীকাল রাজ্যে ২টি এডিকশন ট্রিটমেন্ট ফেসিলিটিস কেন্দ্রের উদ্বোধন

নেশামুক্ত ভারত অভিযানের অঙ্গ হিসেবে আগামীকাল সারা দেশে ৪১টি এডিকশন ট্রিটমেন্ট ফেসিলিটিস কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন হবে। সামাজিক ন্যায় ও ক্ষমতায়ণ মন্ত্রকের উদ্যোগে আগামীকাল ভারুয়ালি সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১২টার মধ্যে এই কেন্দ্রগুলির উদ্বোধন করবেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ণ দপ্তরের মন্ত্রী ড. বীরেন্দ্র কুমার। এই ৪১টি কেন্দ্রের মধ্যে আগরতলার নরসিংগড়স্থিত মর্ডান সাইকিয়াট্রিক হসপিটাল এবং খেরেংবার সামাজিক স্বাস্থ্যকেন্দ্র রয়েছে। পশ্চিম ত্রিপুরা জেলাশাসকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
